# 26213 - যে ব্যক্তি ফরয তাওয়াফের একটি চক্কর ভুলে বাদ দিয়েছেন

## প্রশ্ন

যদি কোন হাজীসাহেব ফরয তাওয়াফ করাকালে কোন একটি চক্কর ভুলে যায় এবং মসজিদে হারাম থেকে বেরিয়ে যাওয়ার আগে সে জানতে না পারে; এর হুকুম কি?

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি কোন হাজীসাহেব ফরয তাওয়াফ করাকালে কোন একটি চক্করের কথা ভুলে যান এবং মাঝখানে দীর্ঘ বিচ্ছেদ ঘটে তাহলে সেই ব্যক্তি পুনরায় তাওয়াফ করবেন। আর যদি বিচ্ছেদের সময় সামান্য হয় তাহলে তিনি ভুলে যাওয়া চক্করটি আদায় করলে হয়ে যাবে।

আল্লাহ্‌ই তাওফিকের মালিক, আমাদের নবী মুহাম্মদ, তাঁর পরিবারবর্গ ও তাঁর সাহাবীবর্গের প্রতি আল্লাহ্‌র রহমত ও শান্তি বর্ষিত হোক।